



তিতাস গ্যাস ট্রেডার্স অসোসিয়েশন এন্ড ডিসিন্‌হিবিউশন কোম্পানি লি.

(পেট্রোবাংলার একটি কোম্পানি)

১০৫, কাজী নজরুল ইসলাম এভিনিউ, কাওরান বাজার বা/এ,

ঢাকা-১২১৫

সূত্র: ২৮.১৩.০০০০.০২৬.০৪.০০১.২৩

তারিখ: ২১/১১/২০২৩

প্যানেল আইনজীবী তালিকাভুক্তি বিজ্ঞপ্তি

তিতাস গ্যাস টি এন্ড ডি কোং লি: এ নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে অঞ্চল ভিত্তিক আইনজীবী প্যানেলভুক্তির লক্ষ্যে ঢাকা (সুপ্রীম কোর্ট, বিইআরসি, জজ কোর্ট, কাস্টমস ট্রাইব্যুনাল এবং শ্রম আদালত) নারায়ণগঞ্জ, গাজীপুর, মানিকগঞ্জ, মুন্সিগঞ্জ, নরসিংদী, টাঙ্গাইল, ময়মনসিংহ, জামালপুর, শেরপুর, নেত্রকোনা এবং কিশোরগঞ্জ জেলার আগ্রহী আইনজীবীদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

শর্তাবলী:

- ১। আবেদনকারীকে অবশ্যই এলএলবি ডিগ্রীধারী হতে হবে এবং এককভাবে মামলা পরিচালনা ও মতামত প্রদানের ক্ষেত্রে সংশ্লিষ্ট বারে ন্যূনতম ১০ (দশ) বছরের পেশাগত অভিজ্ঞতাসম্পন্ন হতে হবে। বার-এট-ল/অনার্সসহ এলএলএম ডিগ্রীধারী এবং উচ্চ আদালতে মামলা পরিচালনায় অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। আবেদনের সাথে আবেদনকারী বিগত ৫(পাঁচ) বছরের মামলা পরিচালনার ক্ষেত্রে দক্ষতা ও অভিজ্ঞতার বিবরণসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে রেফারেন্স উল্লেখপূর্বক তার স্বপক্ষে সাপোর্টিং ডকুমেন্ট সংযুক্ত করতে হবে।
- ২। আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশী নাগরিক হতে হবে। বিজ্ঞপ্তি প্রকাশের তারিখে আবেদনকারীর বয়স অনধিক/সর্বোচ্চ ৬০ (ষাট) বছর। তবে, অবসরপ্রাপ্ত জেলা জজ এর ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য।
- ৩। আবেদনকারী যে আদালত এবং অঞ্চলের জন্য প্যানেলভুক্ত হতে ইচ্ছুক খামের উপর তা স্পষ্টাক্ষরে উল্লেখ করতে হবে। আবেদনকারীকে সকল শিক্ষাগত সনদের কপি, পেশাগত সনদের কপি, বার-কাউন্সিল প্রদত্ত ওকালতির সনদের কপি, জাতীয় পরিচয়পত্রের কপি এবং সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের ০৩(তিন) কপি ছবি যথাযথভাবে সত্যায়িতকরতঃ আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
- ৪। বর্তমানে অত্র কোম্পানিতে নিয়োজিত প্যানেলভুক্ত আইনজীবীগণকেও এ বিজ্ঞপ্তিতে উল্লেখিত শর্তানুযায়ী প্যানেলভুক্তির জন্য আবেদন করতে হবে।
- ৫। আবেদনকারী আইনজীবীগণ কোন প্রতিষ্ঠানে নিযুক্ত থাকলে প্রতিষ্ঠানের ঠিকানাসহ কার্যকালের বিস্তারিত উল্লেখ করে তালিকা প্রদান করতে হবে। প্যানেলভুক্ত আইনজীবী অত্র কোম্পানির বিপক্ষে কোন মামলায় প্রত্যক্ষ বা পরোক্ষভাবে জড়িত হতে পারবে না।
- ৬। প্যানেলভুক্ত আইনজীবীদের মেয়াদকাল ০৩(তিন) বছর বলবৎ থাকবে। তবে, কোম্পানির প্রয়োজনে প্যানেলের মেয়াদ বর্ধিত করতে পারবে।
- ৭। প্যানেল আইনজীবীগণ কোম্পানি কর্তৃক প্রদেয় আইন বিষয়ক পরামর্শ/মামলা পরিচালনার জন্য কোম্পানির অনুমোদিত সিডিউল অনুসারে ফি পাবেন। উল্লিখিত সিডিউলটি পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশের পর কোম্পানির লিগ্যাল এ্যাফেয়ার্স বিভাগ হতে সংগ্রহ করা যাবে।
- ৮। প্যানেলভুক্ত আইনজীবীর অব্যাহতির ক্ষেত্রে যে-কোন পক্ষ হতে ৩০(ত্রিশ) দিনের নোটিশ প্রদান করতে হবে।
- ৯। ইচ্ছুক প্রার্থীগণকে সাদা কাগজে (ক) নাম; (খ) পিতা/স্বামীর নাম;(গ) মাতার নাম; (ঘ) স্থায়ী ঠিকানা;(ঙ) বর্তমান ঠিকানা; (চ) চেম্বারের ঠিকানা (টেলিফোন, মোবাইল, ফ্যাক্স, ই-মেইল নম্বরসহ);(ছ) শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদ; (জ) জন্ম তারিখসহ বিজ্ঞপ্তি প্রকাশের তারিখে বয়স; (ঝ) জাতীয়তা; (ঞ) অঞ্চলের নাম (ট) আদালতের নাম ও পেশা শুরু করার তারিখসহ পেশার বিস্তারিত বিবরণ উল্লেখপূর্বক আবেদন করতে হবে।
- ১০। প্যানেল আইনজীবী তালিকাভুক্তিকরণ কমিটি'র নিকট উপস্থিত হওয়ার জন্য প্রার্থীগণকে কোনো টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ১১। আবেদনপত্র “কোম্পানি সচিব, তিতাস গ্যাস টি এন্ড ডি কোং লি:; তিতাস গ্যাস ভবন, ১০৫ কাজী নজরুল ইসলাম এভিনিউ, কাওরান বাজার বা/এ, ঢাকা-১২১৫” এর বরাবরে আগামী ১৪/১২/২০২৩ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে ডাকযোগে পৌছাতে হবে এবং খামের উপর সংশ্লিষ্ট আদালত/অঞ্চল এর নাম উল্লেখ করতে হবে। হাতে হাতে কোনো আবেদনপত্র গ্রহণ করা হবে না।
- ১২। ১১ নং অনুচ্ছেদে বর্ণিত সময়ের পর কোনো আবেদন গ্রহণ করা হবে না।
- ১৩। তিতাস গ্যাস টি এন্ড ডি কোং লি: কোনো কারণ দর্শানো ব্যতিরেকে যে-কোনো দরখাস্ত অথবা সকল দরখাস্ত গ্রহণ বা বাতিল করার অধিকার সংরক্ষণ করে। প্যানেল আইনজীবী তালিকাভুক্তির বিষয়ে কোম্পানির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। যেকোনো ধরনের তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে গণ্য হবে।

কোম্পানি সচিব

তিতাস গ্যাস টি এন্ড ডি কোং লি.